

রাজিয়া সুলতানা  
বসন্ত ক্যাম্পাস



লেখকচারণ শীট-১

শ্রেণি- তৃতীয়, বিষয় - বাংলা

কবিতা- আমার পণ

পাঠ -১

তারিখঃ ১৯.০৫.২০২০

- ❖ কবিতা ও কবির নাম শুদ্ধ উচ্চারণে শেখা
- ❖ কবিতার ১ম ৬ লাইন অজ্ঞাভঙ্গির মাধ্যমে শেখানো ও মূলভাব :

সকালে উঠিয়া আমি মনে মনে বলি,  
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি ।  
আদেশ করেন যাহা মোর গুরুজনে,  
আমি যেন সেই কাজ করি ভালো মনে ।  
ভাইবোন সকলেরে যেন ভালোবাসি,  
এক সাথে থাকি যেন সবে মিলেমিশি ।

- ❖ মূলভাব : প্রতিদিন সকালে উঠে আমি প্রতিজ্ঞা করব যে, সারাদিন আমি ভালো হয়ে চলব । বয়সে বড় যারা তাদের আদেশ মেনে চলব । বড়রা যেভাবে বলবে সেভাবে কাজ করব । ভাইবোন, পাড়া প্রতিবেশী, আত্মীয়, বন্ধুদের সাথে মিলেমিশে থাকব । সবাইকে ভালোবাসব ।
- ❖ কঠিন শব্দ : গুরুজন, মিলেমিশে, আদেশ
- ❖ শব্দার্থ ও বাক্য গঠন : পাঠ্যবইয়ের অনুশীলনী -১ সবগুলো পড়া

## পাঠ -২

❖ কবিতার বাকী ৮ লাইন অজ্ঞাভঙ্গির মাধ্যমে শেখানো ও মূলভাব :

ভালো ছেলেদের সাথে মিশে করি খেলা,  
পাঠের সময় যেন নাহি করি হেলা ।  
সুখী যেন নাহি হই আর কারও দুখে,  
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে ।  
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি,  
কিছুতে কাহারে যেন নাহি দেই ফাঁকি ।  
ঝগড়া না করি যেন কভু কারও সনে,  
সকালে উঠিয়া আমি বলি মনে মনে ।

❖ মূলভাব : যারা ভালো তাদের সাথে খেলব । পড়ার সময় পড়ব । পড়ার সময় অবহেলা করব না । কারো দুঃখ দেখলে হাসব না । কখনও মিথ্যা কথা বলব না । লোভ করব না । কাউকে কখনও মিথ্যা বলব না । সবার সাথে মিলেমিশে থাকব । কারও সাথে ঝগড়া করব না ।

❖ কঠিন শব্দ : পাঠ, হেলা, মিছে, কভু, ফাঁকি, সামলিয়ে

❖ প্রশ্ন : অনুশীলনী -৪ (ক থেকে চ) পর্যন্ত শিক্ষার্থীরা উত্তর দেয়ার চেষ্টা করবে ।

### উত্তর :

ক. উঃ- সারাদিন আমি ভালো হয়ে চলব ।

খ. উঃ- বাবা-মা, ভাইবোন, শিক্ষক আমাদের গুরুজন ।

গ. উঃ- পড়ার সময় আমরা পড়ব ।

ঘ. উঃ- মিথ্যা কথা আমরা বলব না ।

ঙ. উঃ- অন্যের দুঃখে আমরা দুখী হব ।

